


ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র

# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 1 ● Issue - 138 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ২৯৪ ● কলকাতা ● ১৬ কার্ত্তিক, ১৪৩২ ● সোমবার ● ০৩ নভেম্বর ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা




## এবার শওকত মোল্লার বিরুদ্ধেই মুখ খুললেন ফুরফুরা শরিফের পীরজাদা ত্বহা সিদ্দিকী



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভাঙড়ের রাজনীতি সরগরম। তৃণমূল নেতারাই তৃণমূল নেতাদের বিরুদ্ধে মুখ খুলছেন। ক্যানিং পূর্বের বিধায়ক শওকত মোল্লার বিরুদ্ধে হাত মিলিয়েছেন আরাবুল ইসলাম, কাইজার আহমেদরা। একযোগে শওকতের অপসারণ চাইছেন তাঁরা। শওকত শুধুমাত্র একজন বিধায়ক নন, এলাকায় শাসক দলের দাপুটে নেতা। তাঁর কাঁধে রয়েছে দলের দায়িত্ব।সম্প্রতি তৃণমূল নেতা কাইজার আহমেদের বাড়ির সামনে হামলার ঘটনা ঘটে। অভিযোগ, তৃণমূলেরই অপর গোষ্ঠীর নেতা বাহারুল ইসলাম ও সাবিরুল ইসলামের নেতৃত্বে একদল কর্মী-সমর্থক কাইজারকে লক্ষ্য করে অশালীন গালিগালাজ করে ও খুনের হুমকি দেয়। যদিও এই সব কিছুকেই পাত্তা দিতে নারাজ বিধায়ক। তিনি বলছেন, "কে কী বলল ছেড়ে দিন। ওরা তো মমতা বন্দ্যোপাধ্যায় বা অভিষেক বন্দ্যোপাধ্যায় নয়। যে যা বলছে ছেড়ে দিন।"গত

এরপর ৩ পাতায়

**পর্ব 101**

## হিমালয়ের সমর্পণ যোগ



তাঁর নিজের চিত্তের উপর নিয়ন্ত্রণ থাকে। তাই তিনি ঐ শক্তির প্রবাহের উপরও সহজেই নিয়ন্ত্রণ করে নেন। যেরকম প্রথমে শারীরিক শক্তির যুগ ছিল - বেশী শক্তিধারী যোদ্ধা গদাধারী হত আর যার শারীরিক শক্তি আছে, সে সর্বশ্রেষ্ঠ যোদ্ধা হত। মানে শারীরিক শক্তি শ্রেষ্ঠতার প্রতীক হত। আজ বুদ্ধির যুগ। এক বুদ্ধিমান ব্যক্তি যদিও সে শারীরিকভাবে দুর্বল, এক বোমের বোতাম টিপে অনেক বড় শক্তিশালী ব্যক্তিকে মারতে পারে। কারণ এখন শক্তির প্রতীক শারীরিক শক্তি নয়, এখন বুদ্ধি শ্রেষ্ঠতার প্রতীক হয়ে গেছে।"

"এখন আগত সময় চিত্তশক্তির হবে, যে মানুষের চিত্ত শক্তিশালী হবে, সে ব্যক্তি চিত্ত থেকে সবার উপর প্রভাবশালী হবে। **ক্রমশঃ**


ভর্তি চলছে

ভবানী চাইল্ড ইনস্টিটিউট

BHABANI CHILD INSTITUTE • 24 PARGANAS (SOUTH)

স্থাপিত ঃ ১৯৯৩

২০২৬ শিক্ষাবর্ষে নার্সারি শ্রেণির পঠন-পাঠন শুরু হবে ৪ঠা ডিসেম্বর, ২০২৫ বৃহস্পতিবার থেকে






আসন সংখ্যা সীমিত। অভিভাবকদের নীচের মোবাইল নম্বরে যোগাযোগ করার জন্য জানানো যাচ্ছে।

ভর্তির সময় ঃ সকাল ৯টা থেকে বেলা ১টা

যোগাযোগ ঃ 9083249944 / 9083249933 / 9083249922

# ভোটার লিস্টে নাম তুলতে ঘরে ফিরছেন পরিযায়ীরা



স্টাফ রিপোর্টার, রোজদিন

আর মাত্র কয়েকদিন। তারপরেই শুরু হয়ে যাবে রাজ্যে বিশেষ নিবিড় সংশোধন তথা SIR। রাজ্যের সর্বত্র এখন শুধুই প্রস্তুতি। ভোটার লিস্টে নিজেদের নাম রাখতে ঘরে ফিরছেন পরিযায়ীরা। মঙ্গলবার থেকে বাড়িতে বাড়িতে গিয়ে বিএলওরা এসআইআর-র কাজ করবেন। তার আগেই বাড়িতে ফিরছেন পরিযায়ী শ্রমিকরা।আগামী মঙ্গলবার বাড়িতে বাড়িতে পৌঁছে যাবেন বিএলওরা। ভোটার লিস্টে অবৈধ ভোটার বাছতে প্রতি বাড়িতে বাড়িতে গিয়ে কাজ করবেন তাঁরা। এই কাজ করার জন্য আগে থেকে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। কিন্তু এই এসআইআর নিয়েই সোচ্চার রাজ্যের শাসক দল। প্রথম থেকেই এসআইআরের বিরুদ্ধে সোচ্চার হয়েছিলেন। মমতা বন্দ্যোপাধ্যায় থেকে অভিষের বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, একটি বৈধ ভোটারও যেন বাদ না যায়। এই নিয়ে মঙ্গলবার রাজপথে নামতে চলেছেন মুখ্যমন্ত্রী (CM)। তারপরের দিনেই বীনাপানি দেবীর ঘরের সামনে আমরণ অনশনে বসতে চলেছেন মমতাবালা ঠাকুর। শনিবার এমনই কথা জানিয়েছেন তিনি। এসআইআর (SIR) করে নাম বাতিল দেওয়া চলবে না এমনই দাবি তোলা হয়েছে।ভিন রাজ্য থেকে তাদের ঘরে ফেরানোর দায়িত্ব নিয়েছে তৃণমূল। কোচবিহারের প্রায় চার থেকে পাঁচ লক্ষ মানুষ ভিন রাজ্যে কাজ করেন। রাজ্যের প্রতি জেলাতেই এক ছবি। বাইরে কাজ করেন বহু মানুষ। এদের মধ্যে বেশিরভাগই তৃণমূলের ভোটব্যাঙ্ক বলে পরিচিত। এসআইআর ঘোষণা হওয়ার পর থেকে তাদের ফিরিয়ে আনার জন্য উদ্যোগ নিয়েছে তৃণমূল। ইতিমধ্যেই বুথে বুথে কমিটি তৈরি করেছে ঘাসফুল শিবির। পরিযায়ীদের বাড়িতে ফেরানোর জন্য আর্থিক সাহায্য করারও সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পূর্ব ও দক্ষিণ ভারত থেকে ট্রেনে করে বহু পরিযায়ীরা আসছেন ঘরে।

# নির্বিঘ্নে মহাকাশে পাড়ি ইসরোর সবচেয়ে ভারী উপগ্রহ



স্টাফ রিপোর্টার, রোজদিন


কথাই ছিল রবিবার বিকেলে এলভিএম৩-এম৫ রকেট চেপে মহাকাশে পাড়ি দেব ইসরোর সবচেয়ে ভারী উপগ্রহ সিএমএস-০৩। সেই মতোই নির্বিঘ্নে বিকেল ৫টা বেজে ২৬ মিনিটে 'বাহুবলী' রকেটে চেপে অন্তরীক্ষে রওনা হল ৪, ৪১০ কেজি ওজনের ওই উপগ্রহ। দেশের যোগাযোগ ব্যবস্থার উন্নতিকল্প সিএমএস-০৩-র উৎক্ষেপণ।ক'দিন আগে পৃথিবীর সবচেয়ে বড় রাডার অ্যান্টেনা যৌথভাবে কক্ষপথে স্থাপন করেছে ভারতীয় মহাকাশ গবেষণা

এরপর ৪ পাতায়

# শওকত অনুগামীদের মুখে হুঁশিয়ারি

স্টাফ রিপোর্টার, রোজদিন

ভোট যত এগোচ্ছে, ততই উত্তপ্ত হচ্ছে ভাঙড়। সরগরম হচ্ছে ভাঙড়ের রাজনীতি। শাসক-শাসক লড়াই প্রকট হয়ে উঠেছে। প্রথমে মুখ খুলেছেন খোদ নেতারা। আর এবার একে একে মুখ খুলছেন তাঁদের অনুগামীরা। আরাবুল-কাইজারদের জবাব দেওয়া ভার নিয়েছেন শওকতের অনুগামীরাই। তৃণমূল নেতা আরাবুল ইসলামের সঙ্গে ক্যানিং পূর্বের তৃণমূল বিধায়ক শওকত মোল্লার দ্বন্দ্ব ভাঙড়ে নতুন নয়।শওকত মোল্লার নেতৃত্বেই আমরা লড়াই করব।" শওকত মোল্লার অনুগামী বলে পরিচিত চালতাবেড়িয়া অঞ্চলের এই নেতার বক্তব্যকে ঘিরে শুরু হয়েছে রাজনৈতিক চর্চা। কাইজার ও আরাবুল শওকত মোল্লার বিরুদ্ধে সাংবাদিক সম্মেলনে বক্তব্য পেশ করার পর



একের পর এক শওকত অনুগামী কাইজার ও আরাবুলের বিরুদ্ধে বিস্ফোরক মন্তব্য করছেন। আর এবার সরাসরি রাস্তায় ফেলে মারার হুমকি। তবে শওকত নিজে অবশ্য এসব কথায় বিশেষ কর্ণপাত করছেন না। তিনি সাফ জানিয়েছেন, যার যা বলার আছে বলুক, তিনি একটুও বিচলিত নন। এদিকে শওকতের বিরুদ্ধে মুখ খুলেছেন ফুরফুরা শরিফের ত্বহা সিদ্দিকী। তাঁর দাবি, শওকত মোল্লা অনেককে মিথ্যা মামলায় ফাঁসিয়ে দিয়েছে। বিধায়ক হওয়ার পর শওকত নিজেকে হিটলার বলে মনে করছেন, এমন কথাও বলেছেন ত্বহা সিদ্দিকী।আরাবুল জেল থেকে ফেরার পর থেকেই সেই বিষয়টা সামনে এসেছে। আর এবার আরাবুলের সঙ্গে হাত মিলিয়েছেন আর এক দাপুটে নেতা কাইজার আহমেদ। দুজনেই শওকতের বিরোধিতায় কোমর বেঁধেছেন। সংবাদমাধ্যমের সামনে এসে পদ থেকে শওকতের অপসারণ চেয়েছেন তাঁরা। এই পরিস্থিতির মাঝেই আরাবুল-কাইজারকে রীতিমতো হুমকি দিতে শোনা গেল শওকতের অনুগামী অহিদুল ইসলামকে। সাংবাদিকদের মুখোমুখি হয়ে অহিদুল বলেন, "২০২৬-এর বিধানসভা ভোটে আরাবুল, হাকিমুল, কাইজারদের যেখানেই পাব, সেখানেই লটিয়ে দেব।







(১ম পাতার পর)

# এবার শওকত মোল্লার বিরুদ্ধেই মুখ খুললেন ফুরফুরা শরিফের পীরজাদা ত্বহা সিদ্দিকী

কয়েক বছরে জমি বেশ শক্ত করেছেন শওকত মোল্লা। এবার তাঁর বিরুদ্ধেই মুখ খুললেন ফুরফুরা শরিফের পীরজাদা ত্বহা সিদ্দিকী। বরাবর তৃণমূল ঘনিষ্ঠ বলেই পরিচিত ত্বহা সিদ্দিকী। এবার শুধু শওকত নয়, একাধিক বিধায়কের বিরুদ্ধে ক্ষোভ উগরে দিয়েছেন ত্বহা।

সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে তিনি বলেছেন, "তৃণমূলকে কাজের জন্য পছন্দ করি। কিন্তু এই শওকত মোল্লার মতো নেতাদের নয়। এরকম ১৪-১৫ জন এমএলএ আছে। তাদের বিরুদ্ধে গর্জে উঠব।

এরা নিজের মা'কে ভাত দেয় না, বাবাকে ভাত দেয় না। তারা কী করে সমাজের দিকে নজর দেবে?" এরপরই শওকতের বিরুদ্ধে গর্জে উঠে ত্বহা বলেন, "বিধায়ক হওয়ার পর হিটলার হয়েছে। সবাইকে মিথ্যা কেস দিয়ে দিয়ে জর্জরিত করেছে। ভাঙড় আর ক্যানিং সব কেস শওকত করিয়েছে। রজ্জাক খান, মানিক পাইককে মারা হয়েছে। পুলিশ ধরে ধোলাই দিক। আসল কালপ্রিটের নাম ওর মুখ দিয়েই বেরবে।"আরাবুলের সঙ্গে শওকতের সম্পর্কের অবনতি হয়েছে জেল থেকে ফেরার পর থেকেই। পুরনো একটি মামলায় আরাবুল জেলে ছিলেন। আর তাঁকে গরাদের পিছনে যে শওকতই পাঠিয়েছেন সে কথাও বলেছিলেন আরাবুল। এবার তাঁর সঙ্গে হাত মিলিয়েছেন কাইজার।

# তিনদিন জলমগ্ন মেজবিল রাসমেলা মাঠ, মেশিন লাগিয়ে জল ছেঁকা হল

**হরেকৃষ্ণ মন্ডল,ফালাকাটা**



অকাল বর্ষণে তিনদিন ধরে বৃষ্টির জলে ভরে গেছে আলিপুরদুয়ার ১ ব্লকের পূর্ব কাঁঠালবাড়ি গ্রাম পঞ্চায়েতের মেজবিল রাসমেলা মাঠ। এদিকে ৫ নভেম্বর রাস পূর্ণিমা। ৮ তারিখ শ্যামাপুজো। আর ৯ তারিখ থেকে শুরু হবে রাসমেলা। মেলা চলবে ১৬ নভেম্বর পর্যন্ত। তাই মাঠের জল নিয়ে দুশ্চিন্তায় পড়ে যায় মেলা কমিটি। কারণ,মন্থার প্রভাবে অক্টোবর মাসে এই বৃষ্টি হয়। অতীতে কখনও রাসমেলার আগে এভাবে বৃষ্টি হয়নি। আর মাঠে জলও জমেনি। কিন্তু এবার গত বৃহস্পতিবার থেকে শনিবার অবধি টানা বৃষ্টি চলে। তাই রবিবার সকালে বাধ্য হয়ে মাঠের জল শুকোনোর জন্য পাম্প মেশিন লাগানো হয়। কয়েক ঘন্টার চেষ্টায় সেই জল শুকোয়। তবে এই জল জমার জন্য মেজবিল রাসমেলা কমিটি মহাসড়ককেই দায়ি করেছে। মেলা কমিটির সভাপতি মনোরঞ্জন মহন্ত ও সহ সভাপতি লিপন সরকার জানান,মেজবিল এলাকায় মহাসড়কের পাকা রাস্তার কাজ সম্পন্ন হয়েছে। কিন্তু রাস্তার পাশ বরাবর নিকাশিনালা বা ড্রেন এখনঈ করা হয়নি। এবার রাস্তার জন্য এমনিতেই মাঠের জায়গা কমে গেছে। এজন্য আগাম ধানও কাটা হয়। আর এখন জমা জল নিয়ে সমস্যায় পড়তে হচ্ছে। মেলা কমিটির যুগ্ম সম্পাদক বাবু দে ও বাপী রায় জানান,ড্রেন না থাকায় মাঠের জল বয়ে যেতে পারছিল না। এদিকে সার্কাস ও নাগোরদোলাও মেলা মাঠে চলে এসেছে। কিন্তু তিনদিন ধরে জলের কারণে শ্রমিকরা কাজ করতে পারছিলেন না। তাই এদিন জল বের করার জন্য মেশিন লাগানো হয়। তবে এদিন আকাশ মেঘলা থাকলেও বৃষ্টি হয়নি। তাই মেলা কমিটি আশা করছে,আবহাওয়া স্বাভাবিক হলে মেলা সুষ্ঠভাবেই পরিচালনা করা যাবে। আলিপুরদুয়ার জেলার গ্রামীণ এলাকার মধ্যে সব থেকে বড় রাসমেলা হয় মেজবিলেই। এই মেলায় হাজার হাজার মানুষের সমাগম হয়। সবাই মেলা শুরুর অপেক্ষায় আছেন।

# প্রাক্তন বিধায়ক মইনুল হকের মৃত্যুতে শোকস্তব্ধ মুখ্যমন্ত্রী



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

দীর্ঘদিন ধরেই অসুস্থ ছিলেন। চিকিৎসাও চলছিল। রবিবার ভোরে ৬৩ বছর বয়সে মৃত্যুর কোলে ঢলে পড়লেন বর্ষীয়ান রাজনীতিবিদ তথা ফরাক্কার প্রাক্তন বিধায়ক মইনুল হক। এক্স হ্যান্ডেলে শোকপ্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। লিখেছেন, 'উনি ফরাক্কার প্রাক্তন বিধায়ক ছিলেন এবং গত কয়েক বছর ধরে দলের উচ্চ পর্যায়ে আমাদের সঙ্গে কাজ করেছেন।'জানা গিয়েছে, গত সেপ্টেম্বর মাসে হৃদরোগে আক্রান্ত হন মইনুল হক। দীর্ঘদিন হাসপাতালে ভর্তি ছিলেন তিনি। রবিবার ভোররাতে মৃত্যু হয় তাঁর। বর্ষীয়ান এই নেতার মৃত্যুতে শোকস্তব্ধ মুখ্যমন্ত্রী। পরিবারের পাশে থাকার আশ্বাস দিয়ে মমতা বন্দ্যোপাধ্যায় এক্স হ্যান্ডেলে লিখেছেন, 'আমার রাজনৈতিক সহকর্মী মইনুল হকের প্রয়াণে গভীর শোকজ্ঞাপন করছি। তিনি ফরাক্কার প্রাক্তন বিধায়ক ছিলেন এবং গত কয়েক বছর ধরে দলের উচ্চ পর্যায়ে আমাদের সঙ্গে কাজ করেছেন। তাঁর পরিবার, বন্ধু এবং সমর্থকদের প্রতি আমার গভীর সমবেদনা জানাই।'প্রথম জীবনে কংগ্রেস করতেন মইনুল হক। ছাত্ররাজনীতির সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত ছিলেন তিনি। দাপুটে নেতা হিসেবে পরিচিত ছিলেন এলাকায়। ১৯৯৬ সালে প্রথমবার ভোটে প্রতিদ্বন্দ্বিতা করেন তিনি। প্রথমবারেই সাফল্য পান। এরপর পরপর পাঁচবার ফরাক্কা বিধানসভা কেন্দ্র করে জেতেন তিনি। সর্বভারতীয় কংগ্রেস কমিটির সদস্যও ছিলেন তিনি। ২০২১ সালে ভোটে লড়লেও জিততে পারেননি। তৃণমূলের কাছে পরাজিত হন তিনি। সেই বছরই কংগ্রেস ছেড়ে তৃণমূলে যোগ দেন।

## সম্পাদকীয়

# ঠাকুরবাড়িতে ফাটল!

ঠাকুরনগরে 'তৃতীয় সূত্র'। শুধু শান্তনু এবং মমতাবালা ঠাকুরই নন, নিজের অস্তিত্ব জিইয়ে রাখতে ভাই ও জেঠিমার পথেই হাঁটছেন গাইঘাটার বিজেপি বিধায়ক সুব্রত ঠাকুর। 'অল ইন্ডিয়া মতুয়া মহাসঙ্ঘের' মধ্যেই তৃতীয় সমান্তরাল সংগঠন তৈরির কথা ঘোষণা করে দিয়েছেন তিনি। কিন্তু হঠাৎ এখন কেন এই বার্তা?বর্তমানে মতুয়া মহাসঙ্ঘের দু'টি সমান্তরাল সংগঠন রয়েছে। একটির সঙ্ঘাধিপতি তৃণমূলের রাজ্যসভা সাংসদ মমতাবালা ঠাকুর। অন্যটির সঙ্ঘাধিপতি বনগাঁর বিজেপি সাংসদ তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর। এই শিবিরেই মহাসঙ্ঘাধিপতি হিসাবে রয়েছেন সুব্রত। তবে পদ শীর্ষ স্থানীয় হলেও দিনশেষে শান্তনুর নেওয়া সিদ্ধান্তই হয় চূড়ান্ত, মত একাংশের। শুধু তাই নয়, এই দুই ভাইয়ের বিবাদ প্রকাশ্যেও এসেছে বহুবার। তবে কি সেই বিবাদই টেনে আনল নতুন সংগঠনের ভাবনা?দ্বন্দ্ব নাকি অন্য কোনও কারণ? নেই তো রাজনৈতিক সমীকরণ? বছর ঘুরলেই বাংলায় ভোট, আর তাতে মতুয়া ভোটব্যাঙ্ক যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে, তা সন্দেহাতীত। এই আবহেই বাংলার মতুয়াদের সদর দফতর ঠাকুরনগরে যেন তৈরি হচ্ছে নতুন সমীকরণ। এদিন গাইঘাটার বিজেপি বিধায়ক জানিয়েছেন, একই নাম, একই রেজিস্ট্রেশন নম্বর, শুধু নেতৃত্বটা থাকবে আলাদা।

নতুন সংগঠনের মাথায় বসবেন সুব্রত। তাঁর কথায়, 'আগামী ৪ তারিখ অর্থাৎ মঙ্গলবার এই নতুন সংগঠনের ঘোষণা করা হবে। তবে ঠিক কী কারণে এই সিদ্ধান্ত নিলাম, তা এখনই প্রকাশ্যে আনব না। সেই দিনই সব বলা হবে।' সুব্রতর নতুন সংগঠন তৈরির নেপথ্যে 'বঞ্চনাকেই' উস্কে দিলেন তৃণমূলের রাজ্যসভা সাংসদ মমতাবালা ঠাকুর।

তাঁর কথায়, 'ওটা ওঁদের পরিবারের ব্যাপার। তবে বড় ছেলে চিরকালই বঞ্চিত থেকেছে। সংগঠন নিয়ে আমি কিছু বলব না। আমার শুধু একটাই বক্তব্য বড় ছেলে হিসাবে সুব্রত ঠাকুরের এই বাড়িতে অধিকার পাওয়া উচিত।'

সুব্রতর এই ঘোষণার পর কেউ কেউ বলছেন, মতুয়া সংগঠন তৈরি হয়েছিল বৈষম্য দূরীকরণে। সেই সংগঠনেই আজ আরও একটা ফাটল। অবশ্য মমতাবালা ঠাকুরের মতে, 'সংসার বড় হলে এমন হবেই। পাঁচটা ভাই থাকলে পাঁচটা ভাগ হবে। এই লড়াই আজকের নয়।

তবে আমি মনে করি, মানুষ সঠিক মতুয়া সংগঠনকে বেছে নেবেন।' এই প্রসঙ্গে যোগাযোগ করা হয়েছিল কেন্দ্রীয় প্রতিমন্ত্রী তথা সুব্রত ঠাকুরের ভাই শান্তনু ঠাকুরকেও। কিন্তু আপাতত কোনও প্রতিক্রিয়া দেননি তিনি। প্রসঙ্গত, ঠাকুরবাড়িতে রাজনৈতিক বিভাজন আজকের নয়।

# পৃথিবীর সৃষ্টির মূলে শিব



মৃত্যুঞ্জয় সরদার
(তেইশতম পর্ব)



তিনি শ্বেত রাজহংসের রূপ ধরে উপরে উড়ে গেলেন। বিষ্ণু শ্বেতবরাহের রূপ ধরে নিচে নেমে গেলেন। এক হাজার বছর ধরে তাঁরা সেই লিঙ্গের উৎস খুঁজে ফিরলেন, কিন্তু পেলেন না। তখন তাঁরা যেখানে ছিলেন সেখানে ফিরে এসে প্রার্থনা শুরু করলেন। একশো বছর প্রার্থনার পর একটি ওঁ-কার ধ্বনি তাঁদের শ্রুতিগোচর হল এবং এক পঞ্চানন দশভুজ দেবতার আবির্ভাব ঘটল তাঁদের সম্মুখে। ইনিই মহাদেব শিব।বিষ্ণু বললেন, 'ব্রহ্মা আর আমি যুদ্ধ করে ভালোই করেছি। সেই

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(২ পাতার পর)

# নির্বিঘ্নে মহাকাশে পাড়ি ইসরোর সবচেয়ে ভারী উপগ্রহ

কেন্দ্র ইসরো এবং আমেরিকার মহাকাশ গবেষণা কেন্দ্র নাসা। মূলত হিমবাহ, জঙ্গল, ভূকম্পন জলবায়ু পরিবর্তনের মতো প্রাকৃতিক বিপর্যয়ের খবর দেবে এই রাডার অ্যান্টেনা। ইসরো এবং নাসা যৌথ ভাবে সিন্থেটিক অ্যাপারচার মিশন (নিসার) শুরু করে। সেই অভিযানের অধীনে এই অ্যান্টেনা স্থাপন করা হয়। যেটি ৩৩ ফুট দীর্ঘ। পৃথিবী থেকে ৪৬০ মাইল দূরে মহাকাশে স্থাপন করা হয়েছে এই বিশেষ ক্ষমতা সম্পন্ন এই রাডার অ্যান্টেনা।

ইসরোর তরফে জানানো হয়েছিল, ভারতের মাটি থেকে জিওসিনক্রোনাস ট্রান্সফার অরবিট (জিটিও)-তে প্রতিস্থাপন করা হবে উপগ্রহটিকে। এই কাজ করবে ৪৩.৫ মিটার দৈর্ঘ্যের বাহুবলী। ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থার তরফে বলা হয়েছিল, রবিবার বিকেল ৫টা ২৬ মিনিটে এলভিএম৩-এম৫ রকেট চেপে মহাকাশে পাড়ি দেবে ৪, ৪১০ কেজি ওজনের উপগ্রহ সিএমএস-০৩। এদিন সময় মতোই রওনা দিল উপগ্রহটি। জানা গিয়েছে, ভারত মহাসাগরে ভারতীয় নৌসেনার নজরদারির কাজে সাহায্য করবে শক্তিশালী সিএমএস-০৩। দেশের প্রতিরক্ষার কাজে বিশেষ ভূমিকা নেবে উপগ্রহটি।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

বাম হস্তদ্বয়ের মধ্যে অধোহস্তে সদ্যছিন্ন শির, আর উর্ধ্বহস্তে খড়্গ, দক্ষিণ হস্তদ্বয়ে অভয় ও বর। দেবী মহামেঘের বর্ণের মতো শ্যামবর্ণা (এই জন্যেই তিনি শ্যামা নামে খ্যাতা) ও দিগম্বরী।

ক্রমশঃ


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# কৃষ্ণনগরে জগদ্ধাত্রী পুজোর বিসর্জনের হিন্দুদের ওপর নির্যাতন

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



কৃষ্ণনগরে জগদ্ধাত্রী পুজোর বিসর্জনে গন্ডগোল, পুলিশকে নিশানা শুভেন্দু অধিকারীর। তিনি বলেছেন, 'কৃষ্ণনগরে জগদ্ধাত্রী পুজোর বিসর্জনের হিন্দুদের ওপর নির্যাতন। কোতোয়ালি থানার IC অমলন্দু বিশ্বাসের ভাষা থেকেই স্পষ্ট, হিন্দুদের কী চোখে দেখে মমতার পুলিশ প্রশাসন। জগদ্ধাত্রী পুজোর বিসর্জনে পুলিশি ব্যবস্থায় খামতি ছিল।

অভিযোগ, সোমবার রাতে কোচবিহারের রেলঘুমটি এলাকায় বাজি পোড়াচ্ছিলেন স্থানীয় বাসিন্দারা। সেই সময় তাঁদের মারধর করেছিলেন পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য বলে অভিযোগ। আহত হয়েছিলেন এক মহিলা আইনজীবী ও তাঁর স্বামী-সহ বেশ কয়েকজন। আক্রান্ত মহিলা আইনজীবী মল্লিকা কারজি বলেছিলেন,হঠাৎ করে এসপি, আমাদের সুপারিনটেন্ডেন্ট যে আছেন, ইনস্পেক্টর, উনি আর ওনার কয়েকজন লোক এসে কোনও বলাবলি নেই, কোনও কথা নেই, হঠাৎ করে বেধড়ক মারধর করল। বুঝতে পারলাম না। ওনারা কোনও ইউনিফর্ম পরেননি। সেখানে উনি কী করে একজন মহিলার গায়ে হাত দিল উইথআউট কনস্টেবল? লেডি কনস্টেবল ছাড়া কী করে গায়ে হাত দেয়? আক্রান্ত মহিলা আইনজীবীর স্বামী পার্থ রায় বলেছিলেন, এসপি নিজে স্যান্ডো গেঞ্জি প্লাস বক্সার পরে মাথার মধ্যে গুন্ডাদের মতো ফেট্টি বেঁধে লাঠি নিয়ে এসে বেধড়ক মারধর করলেন। কোনও কথা নেই। বাচ্চারা প্রত্যেকে মাইনর ছিল। পাল্টা পুলিশ সুপারের দাবি, শব্দবাজির অৎয়াচারের পরও মারধরের কোনও ঘটনা ঘটেনি!নিজেদের ব্যর্থতা ঢাকতে জনগণকে লাঠিপেটা পুলিশের', শুক্রবারের ভিডিও পোস্ট করে অভিযোগ শুভেন্দুর।অপরদিকে, কৃষ্ণনগরের ঘটনা নিয়ে পুলিশের বিবৃতি,'বিসর্জন চলাকালীন চকেরপাড়া বারোয়ারি পুজো কমিটির সঙ্গে পুলিশের বচসা ও বিশৃঙ্খলা। পুলিশের নির্ধারিত নির্দেশ অমান্য করে প্রতিমা নির্দিষ্ট স্থানের বাইরে দাঁড় করিয়ে রাখা হয়েছিল। যার ফলে অন্যান্য প্রতিমার ভাসানে বিঘ্ন ঘটে ও পুলিশের দায়িত্বপালনে বাধা সৃষ্টি হয়। পুলিশ শান্তিপূর্ণভাবে ভাসান সম্পন্নের অনুরোধ করলে অশালীন ভাষা প্রয়োগ। পুলিশকে অশালীন ভাষায় আক্রমণ চকেরপাড়া বারোয়ারির সদস্যদের। পুলিশের কাজে বাধা ও মহিলা পুলিশ কর্মীদের সঙ্গে খারাপ আচরণ করা হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে মৃদু লাঠিচার্জ হয়েছে। চকেরপাড়া বারোয়ারি পুজো কমিটির সদস্যদের বিরুদ্ধে অভিযোগ দায়ের। সরকারি কর্মীদের কাজে বাধা ও মহিলা পুলিশকর্মীকে শারীরিক হেনস্থার অভিযোগে মামলা হয়েছে', বিবৃতি কৃষ্ণনগর জেলা পুলিশের।

প্রসঙ্গত, সম্প্রতি কালীপুজোর রাতে কোচবিহারের S P - র বিরুদ্ধে মারধরের অভিযোগ উঠেছিল। তারপরেই সরানো হয়েছিল কোচবিহারের S P দ্যুতিমান ভট্টাচার্যকে। কোচবিহারের নতুন পুলিশ সুপার এখন সন্দীপ কাররা। কালীপুজোর রাতে লাগাতার শব্দবাজি ফাটানোর অভিযোগ উঠেছিল। প্রতিবেশীদেরকে মারধর করা অভিযোগ উঠেছিলল কোচবিহারের পুলিশ সুপারের বিরুদ্ধে। যদিও পুলিশ সুপারের বক্তব্য, কোনও মারধরের ঘটনা ঘটেনি। কালীপুজোর রাতে দেদারে শব্দবাজি ফাটানোর অভিযোগ। মাঝরাতে বাড়ি থেকে বেরিয়ে এসে মহিলা ও শিশুদের মারধরের অভিযোগ উঠল কোচবিহারের পুলিশ সুপারের বিরুদ্ধে।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance - 9735697689
Child Line - 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219 (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্তা মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফামেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 10 জীবন জ্যোতি ফামেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফামেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফামেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফামেসী | 17 ইউনিক ফামেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফামেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফামেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফামেসী | 28 সৌভিক ফামেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফামেসী |

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
রেজিস্ট্রেশন অনুযায়ী
এবার থেকে
ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
রোজদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে

কুইন প্রেস ও পত্রিকা দপ্তর

Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu sarda
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)
Mobile : 9564382031

# সংঘর্ষবিরতি চুক্তি ভেঙে সীমান্তে হামলা পাকিস্তানের

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



কুকুরের লেজ সোজা হওয়ায় নয়। সিঁদুরের থাপ্পড় খেয়েও শিক্ষা হয়নি পাকিস্তানের। এবার সংঘর্ষবিরতি চুক্তি লঙ্ঘন করে ভারতীয় সেনাঘাঁটি লক্ষ্য করে গুলি চালাল পাকিস্তান। জানা যাচ্ছে, চলতি সপ্তাহের শুরুতেই জম্মু ও কাশ্মীরের লিপা ভ্যালিতে এই হামলা চালায় পাক সেনা।প্রসঙ্গত, ভারতের সঙ্গে পাকিস্তানের মোট ৩৩২৩ কিলোমাটার সীমান্ত রয়েছে। এই সীমান্ত মোট তিনটি ভাগে বিভক্ত। যার মধ্যে গুজরাট থেকে কাশ্মীরের আখনুর পর্যন্ত আন্তর্জাতিক সীমান্ত রয়েছে ২৪০০ কিলোমিটারে কাছাকাছি। জম্মু থেকে লেহ পর্যন্ত লাইন অফ কন্ট্রোল রয়েছে ৭৪০ কিলোমিটারের কাছাকাছি। অ্যাকচুয়াল গ্রাউন্ড পজিশন লাইন রয়েছে ১১০ কিলোমিটারের কাছাকাছি।যদিও সেই হামলায় কোনও ক্ষয়ক্ষতি হয়নি। পালটা পাকিস্তানকে কড়া জবাব দেওয়া হয়েছে ভারতের তরফে।

সূত্রের খবর, ২৬-২৭ অক্টোবরের মধ্যরাতে কোনওরকম প্ররোচনা ছাড়াই সীমান্তে সেনা ক্যাম্প লক্ষ্য করে গুলি চালায় পাক সেনা। পালটা পাক সীমান্তে জবাবি হামলা চালায় ভারতীয় সেনাও। দু'পক্ষের গোলাগুলিতে কোনও ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি। তবে এই ঘটনায় উদ্বেগ বেড়েছে। উল্লেখ্য, গত ২২ এপ্রিল পহেলগাঁওয়ে জঙ্গি হামলায় ২৬ জনের মৃত্যুর পর পাকিস্তানে জবাবি হামলা চালিয়েছিল ভারত। অপারেশন সিঁদুরে পাকিস্তানের ৯ সন্ত্রাসী ঘাঁটি গুঁড়িয়ে দেওয়া হয়। সেই হামলায় মৃত্যু হয় শতাধিক জঙ্গির। এরপর তিনদিনের যুদ্ধের পর পাকিস্তানের অনুরোধে সংঘর্ষবিরতিতে রাজি হয় ভারত। তারপর থেকে সীমান্তে আরও কোনও হামলার খবর পাওয়া যায়নি। এবার যুদ্ধবিরতি ভেঙে ভারতে গুলি চালানোর অভিযোগ উঠল পাকিস্তানের বিরুদ্ধে।

# বিহার নির্বাচনের ফলাফল দেশের দিকনির্দেশনা এবং অবস্থা নির্ধারণ করবে

**ডঃ সমরেন্দ্র পাঠক, সিনিয়র সাংবাদিক**

**নয়াদিল্লি, ২ নভেম্বর, ২০২৫** বিভিন্ন ক্ষেত্রের ব্যক্তিত্বরা, এমনকি রাজ্যের বাইরেও, বিহার নির্বাচনের দিকে গভীরভাবে নজর রাখছেন, কারণ ফলাফল ২০২৯ সালের লোকসভা নির্বাচনে দেশের দিকনির্দেশনা এবং অবস্থা নির্ধারণ করবে।

মোট ২৪৩টি আসনের বিহার বিধানসভার ভোটগ্রহণ ৬ এবং ১১ নভেম্বর দুটি ধাপে অনুষ্ঠিত হবে। ভোট গণনা ১৪ নভেম্বর হবে। এই মাসের শেষের দিকে একটি নতুন সরকার গঠিত হবে বলে আশা করা হচ্ছে।

আজ এখানে এক আলাপচারিতায় বিহারের প্রবাসী ব্যক্তিত্বরা এই কথা বলেন। দিল্লি হাইকোর্টে ভারত সরকারের স্থায়ী আইনজীবী এবং একজন বিখ্যাত আইনজীবী কমল কান্ত ঝা বলেছেন যে এই নির্বাচন বিহারের জনগণের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। অতএব, রাজ্যের জনগণ উন্নয়নের গতি অব্যাহত রাখার জন্য আবারও এনডিএকে নির্বাচিত করবেন।

মিঃ ঝা বলেন যে বিহারের জনগণ লালু-রাবড়ি সরকার দেখেছেন। ২০০৫ সাল থেকে (একটি সংক্ষিপ্ত সময় বাদে) রাজ্যে ক্ষমতায় থাকা এনডিএ সরকার সাধারণত ভালো ফলাফল অর্জন করেছে।

জাতীয় পর্যায়ে অনেক গণআন্দোলনের নেতৃত্বদানকারী একজন বিখ্যাত সমাজকর্মী অরবিন্দ পাঠক বলেন যে নীতীশ কুমারের দুই মেয়াদে রাজ্যে ভালো কাজ হয়েছে। এটা সত্য যে তিনি আইনের শাসন প্রতিষ্ঠায় সফল হয়েছেন, কিন্তু সাম্প্রতিক সময়ে আমলাতন্ত্র এবং কিছু ভিত্তিহীন নেতার সাথে তার জড়িত থাকার কারণে তার বিশ্বাসযোগ্যতা ক্ষতিগ্রস্ত হয়েছে।

মিঃ পাঠক বলেন যে মোকামায় সহিংসতা, সিওয়ানে একজন পুলিশ অফিসারের হত্যা এবং মুজাফফরপুর, দারভাঙ্গা এবং মধুবনিতে প্রচারণার সময় দলগুলির মধ্যে সংঘর্ষ পুরানো স্মৃতিগুলিকে জাগিয়ে তুলেছে। এটি গণতন্ত্রের জন্য ভালো নয়।

মুখ্যমন্ত্রী নীতিশ কুমারের নিজ জেলার একজন বিশিষ্ট সমাজকর্মী সুরেন্দ্র কুমার তিওয়ারি, যিনি বিহারের রাজনীতিতে গভীর আগ্রহ রাখেন, তিনি বলেন যে এই নির্বাচনে মানুষ যেভাবে একে অপরের বিরুদ্ধে অভিযোগ তুলছে তা ঠিক নয়।

তিনি বলেন যে, খেসারি লাল সম্পর্কে বিজেপি সাংসদ মনোজ তিওয়ারির মন্তব্য বেদনাদায়ক। এই ধরনের লোকদের কারণেই এনডিএ, বিশেষ করে বিজেপি, অনেক নির্বাচনী অঙ্গনে বিরোধিতার মুখোমুখি হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, যারা উন্নত ভারতের লক্ষ্য অনুসরণ করছেন, তাদের এটি লক্ষ্য করা উচিত।

দিল্লি বিশ্ববিদ্যালয়ের পদার্থবিদ্যার প্রাক্তন অধ্যাপক অধ্যাপক যোগেশ কুমারের মতে, প্রতিটি নির্বাচন গুরুত্বপূর্ণ। বিহারের মানুষ সচেতন এবং তাদের স্বার্থ ভালোভাবে বোঝেন।

শিক্ষাবিদ এবং চ্যান্সেলর ড. বি.এন. মিশ্র বিশ্বাস করেন যে বিহারের মানুষ সবসময় কঠিন সময়ে দেশের দিকনির্দেশনা এবং অবস্থা নির্ধারণ করেছেন। এবার তাদের কাছে তৃতীয় বিকল্পও রয়েছে।

# সিনেমার খবর

## ‘চাই না আমার কথায় শাহরুখের সংসারে ঝড় উঠুক’

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বলিউডে ফের বিতর্কের ঝড় তুললেন ‘দাবাং’খ্যাত পরিচালক অভিনব কাশ্যপ। একসময় সালমান খানের বিরুদ্ধে মুখ খুলে আলোচনায় ছিলেন, এবার নিশানায় শাহরুখ খান।

সম্প্রতি এক মন্তব্যে অভিনব বলেন, “শাহরুখ শুধু নিতে জানে, দিতে পারে না। সমাজে কারও জন্য কিছু করার ক্ষমতাও তার নেই।” তিনি আরও যোগ করেন, “বলিউডে একটা মানসিকতা কাজ করে—ছবি হিট হলে কৃতিত্ব নায়কের, আর ফ্লপ হলে দায় পরিচালকের। আমি চাই এই চিন্তার অবসান হোক। এটা একরকম জিহাদি মানসিকতা।”

এই বক্তব্য ঘিরে বলিউডে ব্যাপক বিতর্ক তৈরি হয়। সমালোচনার মুখে এক



সাক্ষাৎকারে পরিচালক স্পষ্ট করেন, তার উদ্দেশ্য কারও প্রতি আক্রমণ নয়।

অভিনব বলেন, “আমি শাহরুখ, সালমান, আমির—তিনজনের সঙ্গেই কাজ করেছি। তবে সবাই একই রকম নয়। সালমান প্রভাব খাটাতে চায়, কিন্তু শাহরুখ তা করেন না। তিনি অশালীন নন, তবে নিজের প্রযোজনা সংস্থা থেকেই সিনেমার আইডিয়া করতে পছন্দ করেন।”

শাহরুখের ব্যক্তিগত জীবন সম্পর্কেও কিছু তথ্য জানেন বলে দাবি করেন তিনি, তবে সেগুলো প্রকাশ করতে চাননি। অভিনবের ভাষায়, “আমি এমন কিছু জানি যা প্রকাশ করলে ওর সংসারে সমস্যা হতে পারে। আমি চাই না আমার কারণে শাহরুখের সংসার ভাঙুক।”

বিতর্ক বাড়লেও পরিচালক আর কোনো মন্তব্য করেননি।

## শুটিং সেটে গুরুতর আহত বনি



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বাংলার জনপ্রিয় অভিনেতা বনি সেনগুপ্ত নতুন সিনেমার শুটিং সেটে গুরুতর আহত হয়েছেন। পরিচালক আতিউল ইসলামের ‘বানসারা’ সিনেমার শুটিংয়ের শেষ দিনেই ঘটেছে এই বিপত্তি। কলকাতায় একটি অ্যাকশন দৃশ্যে অভিনয় করতে গিয়ে আঘাত পান বনি।

ভারতীয় গণমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, ২২ সেপ্টেম্বর দিবাগত রাতে কলকাতার একটি গোডাউনে চলছিল ছবির শেষ মুহূর্তের কাজ।

একটি অ্যাকশন দৃশ্যে অভিনয়ের সময় হঠাৎই বনির পায়ের গোড়ালির একটি অংশ কেটে যায়। সঙ্গে সঙ্গে শুটিং সেটে চাঞ্চল্য তৈরি হয়। প্রোডাকশনের সদস্যরা দ্রুত অ্যান্টিসেপটিক ওষুধ দিয়ে প্রাথমিক চিকিৎসা দেন।

তবে গুরুতর আঘাত পেলেও শুটিং বন্ধ করেননি অভিনেতা। আহত অবস্থাতেই শেষ করেন দৃশ্যের কাজ। শুটিং ইউনিটের সদস্যরা বনির পেশাদারিত্বের প্রশংসায় পঞ্চমুখ। আপাতত তিনি সুস্থ আছেন বলে জানা গেছে।

বানসারা ছবিটি মূলত পুরুলিয়ার ঘন জঙ্গলের এক রহস্যময় গ্রামকে কেন্দ্র করে নির্মিত। স্থানীয় বিশ্বাস অনুযায়ী, অপরাধীদের শাস্তি দেন বনদেবী। তবে সরাসরি নয়, তার নির্দেশে শাস্তি দেন গ্রামের জমিদারবাড়ির মেয়ে গৌরীকা দেবী, যিনি ‘বড় মা’ নামে পরিচিত।

এই চরিত্রে অভিনয় করছেন অপরাজিতা আঢ্য। অন্যদিকে, বনিকে দেখা যাবে কর্তব্যপরায়ণ পুলিশ অফিসার অজিতেশ চরিত্রে, যিনি ‘বড় মা’-র রহস্য উদঘাটন করবেন।


ছবিতে আরও অভিনয় করেছেন মুন সরকার, যাকে দেখা যাবে গ্রামের প্রধান শিক্ষিকার ভূমিকায়। সরফরাজ মল্লিকের প্রযোজনায় পিএম মুভিজ ব্যানারে ‘বানসারা’ খুব শিগগিরই মুক্তি পাবে।

## প্রকাশ পেল সত্য, মালাইকা অরোরার বয়স বিতর্কের অবসান

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বলিউডের ওপর সারির অভিনেত্রীরা একের পর এক বিষয় নিয়ে আলোচনায় থাকেন। তার মধ্যে অন্যতম মালাইকা অরোরা। বারবার খবরের শিরোনাম হয়েছেন ব্যক্তিগত সম্পর্কের কারণে। সালমান খানের ছোট ভাই আরবাজ খানের স্ত্রী থাকার সময় আইটেম গান দিয়ে সুপারহিট হন তিনি।

পরবর্তী সময়ে নিজের চেয়ে বয়সে ছোট অর্জুন কাপুরের সঙ্গে প্রেমে জড়িয়ে আলোচনায় ছিলেন। তার হাঁটাচলা থেকে পোশাক, সব কিছুতেই একাংশ সমালোচনায় মুখর। চর্চায় রয়েছে মালাইকার



বয়সও। তার ফিটনেস ও গ্ল্যামার দেখে অনেকেই অবাক হন। ফিফটির দোরগোড়ায় এসে কিভাবে নিজের ফিটনেস ধরে রাখেন তা নিয়েও সবার কৌতূহল রয়েছে।

২৩ অক্টোবর ছিল মালাইকার জন্মদিন। এবার তার সেই জন্মদিনে বয়স নিয়ে জল্পনা-কল্পনা, চর্চার অবসান ঘটালেন বোন অমৃতা অরোরা।

মালাইকা চলতি বছর ৫০ বছরে পা দিলেন, তার জন্মদিন উদযাপনের ছবিই বলছে সে কথা। অভিনেত্রীর জন্মদিনের কেকে লেখা ছিল বয়স। অভিনেত্রীর বোন অমৃতা সামাজিক যোগাযোগমাধ্যমে লেখেন, ‘কয়েক বছর ধরে শুনছি, তোমার বয়স ৫০ বছর হয়ে গেছে। যাক অবশেষে ৫০ পূর্ণ করল আমার সুন্দরী বোন।’ জন্মদিনে অভিনেত্রীর পাশে ছিলেন ছেলে আরহান খান, মা, বোন ও ঘনিষ্ঠ বন্ধুরা।

কয়েক দশক ধরে বলিউডে নিজের শক্ত অবস্থান তৈরি করেছেন মালাইকা অরোরা। হিন্দি সিনেমার আইটেম গানে তার উপস্থিতি এখনো দর্শকদের বিমোহিত করে।

# অস্ট্রেলিয়াকে হারিয়ে সিরিজে সমতা আনলো ভারত

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

সিরিজ নিশ্চিতে ডেভিড ও মার্কাস স্টয়নিসের ফিফটিতে লড়াইয়ের ভালো পুঁজিই পেয়েছিল অস্ট্রেলিয়া। কিন্তু বল হাতে লড়াইটা তারা জমাতে পারল না। ব্যাটিংয়ে মিলিত প্রচেষ্টায় সেই রান টপকে সিরিজে সমতা আনল ভারত।

হোবার্টে সিরিজের তৃতীয় টি-টোয়েন্টিতে রোববার (২ নভেম্বর) স্বাগতিকদের ৫ উইকেটে হারিয়েছে শুবমান গিলের দল। ১৮৭ রানের লক্ষ্য তারা পূরণ করে ৯ বল হাতে রেখে। এতে সিরিজে ১-১ এ সমতা এনেছে সফরকারীরা।

সিরিজের প্রথম ম্যাচ বৃষ্টিতে ভেসে যাওয়ার পর দ্বিতীয় ম্যাচে ৪ উইকেটে জয় পায় অস্ট্রেলিয়া। তাই সিরিজি টিকে থাকতে জয়ের বিকল্প ছিল না শুবমান গিলদের।

এদিন রান তাড়ায় বড় ইনিংস খেলতে না পারলেও কার্যকর অবদান রেখে যান অভিষেক শর্মা (১৬ বলে ২৫), শুবমান গিল (১২ বলে ১৫), সুরিয়াকুমার ইয়াদাভ (১১ বলে ২৪), তিলাক ভার্মা (২৬ বলে ২৯) ও অক্ষর প্যাটেল (১২ বলে ১৭) রান করেন।



১৪৫ রানে ৫ উইকেট হারানোর পর আর বিপদ হতে দেননি ওয়াশিংটন সুন্দর ও জিতেশ শর্মা। ২৫ বলে ৪৩ রানের জুটিতে জয় নিয়ে মাঠ ছাড়েন তারা।

ওয়াশিংটন অপরাজিত থাকেন ২৩ বলে ৩টি চার ও ৪ ছক্কায় ৪৯ রানে। ১৩ বলে ৩ চারে অপরাজিত ২২ রান করেন জিতেশ। অস্ট্রেলিয়ার হয়ে ৩৬ রানে সর্বোচ্চ ৩ উইকেট নেন নাথান এলিস।

এর আগে টানা ১৮ ম্যাচ পর টস জিতে ভারত। এরপর তারা বোলিংয়ের এর সিদ্ধান্ত নেন। ব্যাটিংয়ে নেমে ১২ রানে ২ উইকেট হারিয়ে শুরুতেই চাপে পড়ে যায় অস্ট্রেলিয়া। নিজের টানা দুই ওভারে ট্রাভিস হেড ও জশ ইংলিশকে সাজঘরে ফেরান আর্শদিপ সিং।


সেই ধাকাটিয়ে উঠলেও ঝড় তুলতে পারেননি মিচেল মার্শ। ১৪ বলে ১১ রান করা অধিনায়ককে ফেরানোর পরের বলেই মিচেল ওয়েনকে বোল্ড করে দেন বরুণ চক্রবর্তী।

তবে টিম ডেভিড ২৩ বলে তুলে নেন ক্যারিয়ারের নবম ফিফটি। ৩৮ বলে ৮টি চার ও ৫ ছক্কায় ৭৪ রান করা এই ডেভিডকে থামান শিভাম দুবে।

এরপর লড়াই চালিয়ে যান স্টয়নিস। শেষ ওভারে আউট হওয়ার আগে করেন ৩৯ বলে ৮টি চার ও ২ ছক্কায় ৬৪ রান। ১৫ বলে ২৬ রানে অপরাজিত থাকেন ম্যাথিউ শর্ট। ভারতের হয়ে ৩৫ রানে ৩ উইকেট নেন আর্শদিপ। তাই ম্যান অব দ্য ম্যাচ হন তিনি। অন্যদিকে ৩৩ রানে ২টি উইকেট নেন বরুণ।

সিরিজের শেষ ম্যাচ আগামীকাল বৃহস্পতিবার (৬ নভেম্বর) গোল্ডকোস্টে অনুষ্ঠিত হবে।

## ২০২৮ সাল পর্যন্ত ইন্টার মায়ামিতে থাকছেন মেসি



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ইন্টার মায়ামিতে লিওনেল মেসির চুক্তি নবায়ন একরকম চূড়ান্তই ছিল। চুক্তির নির্দিষ্ট মেয়াদ আর আনুষ্ঠানিক ঘোষণাই বাকি ছিল কেবল। সেটিও হয়ে গেল এবার। ২০২৮ সাল পর্যন্ত যুক্তরাষ্ট্রের ক্লাবটিতে থাকবেন আর্জেন্টাইন জাদুকর।
২০২৩ সালের জুলাইয়ে মায়ামিতে যোগ দেন মেসি। তার আড়াই বছরের সেই চুক্তি শেষ হতো এই বছর। তার আগে বৃহস্পতিবার এক বিবৃতিতে বিশ্বকাপ জয়ী তারকার চুক্তি নবায়নের কথা জানায় মেজর লিগ সকারের (এলএলএস) ক্লাবটি।
বার্সেলোনা কিংবদন্তি মেসি এর আগে বলেছিলেন, মায়ামি হবে তার শেষ ক্লাব হবে। তবে ৩৮ বছর বয়সী ফরোয়ার্ড তার সম্ভাব্য অবসরের বিষয়ে কোনো ইঙ্গিত দেননি। মায়ামিতে তার তিন বছরের নতুন চুক্তিই বলে দিচ্ছে, বয়স ৪০ পেরিয়েও খেলতে দেখা যাবে তাকে।
মায়ামিতে যোগ দেওয়ার পর দলটিকে নতুন উচ্চতায় পৌঁছে দিয়েছেন মেসি। ২০২৩ সালে দলে যোগ দেওয়ার পরই বড় ভূমিকা রাখেন তিনি লিগস কাপ জয়ে, যা ক্লাবটির প্রথম বড় ট্রফি।
গত মৌসুমে সর্বোচ্চ পয়েন্টের রেকর্ড গড়ে মেজর লিগ সকারে (এমএলএস) নিয়মিত মৌসুমের সেরা দলের পুরস্কার সাপোর্টার্স শিল্ড জিতে নেয় মায়ামি। মূল ট্রফির লড়াইয়ে প্লেঅফে অবশ্য প্রথম রাউন্ডে হেরে যায় তারা। এই বছরও লিগস কাপের শিরোপার কাছাকাছি গিয়ে হেরে যায় ফাইনালে।
এই মৌসুমেও দারুণ ছন্দে আছেন মেসি। ২৮ ম্যাচে ২৯ গোল নিয়ে এমএলএসের নিয়মিত মৌসুম শেষ করেছেন তিনি। গোলের তালিকায় তার ধারেকাছে নেই কেউ। ২৪ গোল করে যৌথভাবে দুইয়ে ন্যাশভিল এফসির স্যাম সারিজ ও লস অ্যাঞ্জেলস এফসির ডেনিস বুয়াঙ্গা।
এছাড়া ১৯টি গোলে সহায়তা করে অ্যাসিস্টের তালিকাতেও লিগে সবার ওপরে মেসি। গোল ও অ্যাসিস্টের এই যুগলবন্দিতে মৌসুমের সেরা ফুটবলার বা 'মোস্ট ভ্যালুয়েবল প্লেয়ার (এমভিপি)' পুরস্কার জেতাও তার নিশ্চিত। এমএলএসের ইতিহাসে প্রথম ফুটবলার হিসেবে টানা দুই মৌসুমে এই স্বীকৃতি পেতে যাচ্ছেন রেকর্ড আটবারের ব্যালন দ'র জয়ী।
এমএলএসের প্লেঅফের প্রথম রাউন্ডে বাংলাদেশ সময় আগামী শনিবার সকালে ন্যাশভিলের মুখোমুখি হবে মায়ামি।

## রিজওয়ানের বিশ্ব রেকর্ড ভাঙলেন অস্ট্রিয়ার করণবীর

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

টি-টোয়েন্টি ফরম্যাটে এক বর্ষপঞ্জিতে সর্বোচ্চ রানের বিশ্ব রেকর্ড গড়লেন অস্ট্রিয়ার করণবীর সিং। তিনি ভেঙ্গেছেন পাকিস্তানের সাবেক অধিনায়ক মোহাম্মদ রিজওয়ানের বিশ্ব রেকর্ড।

সদ্য শেষ হওয়া রোমানিয়া সফরে চার ম্যাচের সিরিজে ব্যাট হাতে ২৪৮ রান করার পথে নতুন রেকর্ডের জন্ম দেন ৩০ বছর বয়সি করণবীর।

চলতি বছর এখন পর্যন্ত ৩২ ম্যাচের ৩২ ইনিংসে ২ সেঞ্চুরি ও ১৩টি হাফ-সেঞ্চুরিতে ১৪৮৮ রান করেছেন করণবীর। এতদিন এক বছরে সবচেয়ে বেশি রানের রেকর্ডের মালিক ছিলেন রিজওয়ান।

২০২১ সালে ২৯ ম্যাচের ২৬ ইনিংসে ১ সেঞ্চুরি ও ১২টি হাফ-সেঞ্চুরিতে ১৩২৬ রান করেছিলেন রিজওয়ান।



এক বছরে সবচেয়ে রান করার পাশাপাশি সর্বোচ্চ চার-ছক্কার বিশ্ব রেকর্ডও গড়েছেন করণবীর। সর্বোচ্চ চারেও রিজওয়ানের রেকর্ড ভেঙেছেন তিনি। এ বছর ১২৭টি চার মেরেছে করণবীর। ২০২১ সালে ১১৯টি চার মেরেছিলেন রিজওয়ান।

ছক্কার ক্ষেত্রে বিশ্ব রেকর্ড আগেই নিজের দখলে নিয়েছেন করণবীর। এ বছর ১২২টি ছক্কা মেরেছেন তিনি। এক বছরে দ্বিতীয় সর্বোচ্চ ছক্কা হাঁকিয়েছেন ভারতের সূর্যকুমার যাদব। ২০২২ সালে ৬৮টি ছক্কা মেরেছিলেন সূর্য।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR